# 2017

## BENGALI

## ( Major )

Paper : 6.5

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) "ভালোয়-ভালোয় আরো দুটি ঘন্টা পার করে—অ্যাই লাস্ট বেঞ্চ! এর আগে দুবার ওয়ার্নিং দিয়েছি।" বক্তা কে?

(খ) "ওটা ছোটো, অন্ধকার, গুমোট। আমি উড়িয়ে দেব।" এখানে কোন্ জিনিসের কথা বলা হয়েছে?

(গ) "যাস না, যাস না। আমার _____ শেষ হয়নি।" ( শূন্যস্থান পূর্ণ করো )

(ঘ) "ওখানে (বানিয়াচোঙ-এ) বাবা সব চাইতে বেশি স্নেহ পেলেন যাঁর কাছ থেকে, তাঁকে সাধারণ মহিলার মানদন্ডে মাপা যায় না।" এই মহিলার নাম কী?

(ঙ) 'স্বাধীনতা সংগ্রামের স্মৃতি' গ্রন্থটি কার রচনা?

(চ) 'হরিহর দাস' গ্রাম নামটি স্থানীয় ভাষায় কীভাবে উচ্চারিত হত?

(ছ) "কলকাতায় গিয়ে বাবা ঢুকলেন সুভাষচন্দ্র বসুর পত্রিকা ____।" ( শূন্যস্থান পূর্ণ করো )

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=

(ক) গুণধরের বাবার দোকানের নাম কী? দোকানটি কোথায় অবস্থিত?

(খ) উজ্জ্বলের দুজন সহপাঠীর নাম উল্লেখ করো।

(গ) "ও নৌকা বানাতে পারবে না।" উক্তিটি কার? কে নৌকা বানাতে পারবে না?

(ঘ) বিধুভূষণ চৌধুরী সিলেটে কার সঙ্গে ভাগ করে বাসা ভাড়া নিয়েছিলেন? এই ব্যক্তির বিশেষ পরিচয় কী ছিল?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১

(ক) "লজ্জা আছে? নির্লজ্জের মতো ফোকলা দাঁত বের করে হাসতে লাগল?" এখানে কাকে 'নির্লজ্জ' বলা হয়েছে? কেন? ঘটনাটি বর্ণনা করো।

(খ) "ভীষণ হিংসুটে। একদিন পবিত্রকে কী যেন দিল। আমি জোর করে দেখলাম।" কে পবিত্রকে, কী দিয়েছিল? ঘটনাটি সবিস্তারে আলোচনা করো।



( Continued



(গ) ব্যাখ্যা করো :

"কে? কে কেড়ে নেবে? আমার আনন্দ, আমার গান, আমার হারমোনিয়াম, আমার অসুস্থ মা! আমার মেহনতের ফসল আমার গোলায় তুলবে দেবে না, সে হিম্মৎ কার?"

(ঘ) "কিন্তু দিদিমণির শুচিবায়ু ছিল না, বরঞ্চ বিস্ময়কর উদারতা ছিল তাঁর।" 'দিদিমণি'টি কে? তাঁর উদারতার পরিচয় দাও।

(ঙ) "এক হিসেবে তিনি আমার প্রথম সাংস্কৃতিক শিক্ষক।" এখানে কার কথা বলা হয়েছে? তাঁর শিল্প-পরিবেশন সম্পর্কে যা জান, লেখো।

৪। ক—গুচ্ছ ও খ—গুচ্ছ থেকে অন্তত **একটি** করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর বিশদভাবে লেখো : ১০×৩=৩০

### ক—গুচ্ছ

(ক) 'গুণধরের অসুখ' নাটকটির হাস্যরস সম্বন্ধে আলোচনা করো।

(খ) "নাটকে রবীন্দ্রনাথের কয়েকটি গান ব্যবহৃত হয়েছে। কিন্তু একেবারে নতুন প্রেক্ষিতে ব্যবহৃত হওয়ার জন্যে তা থেকে নতুন অর্থের বিদ্যুৎ বেরোতে থাকে। রবীন্দ্রনাথের নিজের নাট্যসংগীতের মতোই এই গানগুলো সংলাপের বিকল্পই হতে চায়, গান-হওয়ার স্পর্শকাতর অহমিকা দেখায় না।" সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'গুণধরের অসুখ' নাটকে রবীন্দ্রসংগীতের প্রয়োগ সম্বন্ধে আলোচনা করো।



( Turn Over )

(গ) 'গুণধরের অসুখ' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

খ—গুচ্ছ

(ঘ) "'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে লেখক পাইলগাঁও-এর ব্রজনাথ হাইস্কুলের প্রধান শিক্ষক যতীন্দ্রমোহন চৌধুরীর স্মৃতি অসাধারণ দক্ষতায় চিত্রিত করেছেন।" চরিত্রটি আলোচনা করে এ প্রসঙ্গে লেখকের দক্ষতার পরিচয় দাও।

(ঙ) "বর্ষার গন্ধর্বপুরের সঙ্গে শীতের গন্ধর্বপুরের পার্থক্যটা এতই দুস্তর ছিল যে ঋতুভেদে আলাদা হিসেবেই দুটোকে চিহ্নিত করা সম্ভব ছিল।" শীতের গন্ধর্বপুরের সামাজিক সাংস্কৃতিক জীবনের পরিচয় দাও।

(চ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থের রচনা-শৈলী সম্বন্ধে আলোচনা করো।

★★★